দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh
আস্থার সংবাদে চট্টগ্রামের সবিশেষ ১ যুগে পূর্বদেশ
মঙ্গলবার
চট্টগ্রাম
৯ জুলাই ২০২৪
২৫ আষাঢ় ১৪৩১
২ মহররম ১৪৪৬
বর্ষ-১২, সংখ্যা-১৯৫
www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠা | ৭ টাকা

বাংলাদেশে জনপ্রিয় হয়ে উঠছে অস্ট্রেলিয়ার উচ্চশিক্ষা | ৩
বাঁচতে হলে লড়তে হবে | ৪
ইন্দোনেশিয়ায় খনিতে ভূমিধসে নিহত ১১, নিখোঁজ ৪৫ | ৬
সিলেটে বন্যায় ১৩ লাখ মানুষ বিপর্যস্ত | ৮




ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য দেন আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামউদ্দিন নদভী

# আইআইইউসি ইংরেজি বিভাগ মাস্টার্স প্রোগ্রামের ওরিয়েন্টেশন

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের এম এ (ইএল, ইএলটি এবং প্রিলিমিনারি) স্প্রিং - ২০২৪ সেশনের এর ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম ৭ জুলাই রবিবার সন্ধ্যায় চট্টগ্রাম শহরস্থ গোল্ডেন স্পুন রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়েছে। ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামউদ্দিন নদভী। প্রধান অথিতির বক্তব্যে তিনি বলেন, ইংরেজি সাহিত্যে উচ্চতর ডিগ্রী অর্জন করে দেশ ও সমাজের উন্নয়নে মনোনিবেশ করতে হবে।

আইআইইউসির সেরা বিভাগুলোর মধ্যে ইংরেজি বিভাগ অন্যতম। এই বিভাগের শিক্ষার্থীরা দেশে-বিদেশে বিশ্ববিদ্যালয়ের নাম উজ্জ্বল করছে। এই ধারাবাহিকতা বজায় রেখে আইআইইউসি বর্তমানে বাংলাদেশের অন্যতম একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়। শিক্ষা জীবনে বর্তমানে কম্পিটিশনের পাশাপাশি কো-অপারেশন খুব জরুরী। তিনি ইংরেজী বিভাগের মাস্টার্স প্রোগ্রামের নবীন শিক্ষার্থীদেরকে ধন্যবাদ জানান উচ্চশিক্ষার ক্ষেত্রে আইআইইউসিকে বেছে নেওয়ার জন্য। ইংরেজি ভাষার পাশাপাশি মাতৃভাষায় চর্চার উপরও তিনি গুরুত্বারোপ করেন। ইংরেজী ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান মো. ছরওয়ার আলম এর সভাপতিত্বে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন প্রোগ্রামে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজ এর সদস্য ও পারচেজ কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোহাম্মদ সালেহ জহুর, ভারপ্রাপ্ত ট্রেজারার প্রফেসর ড. মোঃ মাহি উদ্দিন।

সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক মো. ইয়াসিন শরীফ, রেজিস্ট্রার আ ফ ম আখতারুজ্জামান কায়সার, প্রক্টর মোহাম্মদ ইফতেখার উদ্দিন। এ সময় উপস্থিত ছিলেন মাস্টার্স প্রোগ্রামের কো-অর্ডিনেটর আবু সালেহ নিজাম উদ্দীন এবং অন্যান্য শিক্ষকম-লী।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ আজিজুল হক।

Ref: Dainik Purbodesh, Date 09 July 2024, Page; 3, Col: 1
https://epurbodesh.com/index.php?page=1&date=2024-07-09




দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




মঙ্গলবার | ৯ জুলাই ২০২৪ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৪তম বর্ষ ২৯২ সংখ্যা | ২৫ আষাঢ় ১৪৩১ সাল | ২ মহররম ১৪৪৬ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

# আইআইইউসির ইংরেজি বিভাগের মাস্টার্স প্রোগ্রামের ওরিয়েন্টেশন

আইআইইউসির ইংরেজি বিভাগের এম এ স্প্রিং ২০২৪ সেশনের ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন গত ৭ জুলাই নগরীর একটি রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়েছে।
এতে প্রধান অতিথি ছিলেন আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান




*আইআইইউসির ইংরেজি বিভাগের অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামউদ্দিন নদভী*

প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামউদ্দিন নদভী। তিনি বলেন, তোমাদের ইংরেজি সাহিত্যে উচ্চতর ডিগ্রী অর্জন করে দেশ ও সমাজের উন্নয়নে মনোনিবেশ করতে হবে। আইআইইউসির সেরা বিভাগুলোর মধ্যে ইংরেজি বিভাগ অন্যতম। এই বিভাগের শিক্ষার্থীরা দেশে-বিদেশে বিশ্ববিদ্যালয়ের নাম উজ্জ্বল করছে। ইংরেজি ভাষার পাশাপাশি মাতৃভাষায় চর্চার উপরও তিনি গুরুত্বারোপ করেন। বিভাগের চেয়ারম্যান মো. ছরওয়ার আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত ওরিয়েন্টেশনে বিশেষ অতিথি ছিলেন বোর্ড অব ট্রাস্টিজের সদস্য প্রফেসর ড. মোহাম্মদ সালেহ জহুর, ভারপ্রাপ্ত ট্রেজারার প্রফেসর ড. মো. মাহি উদ্দিন।
বক্তব্য রাখেন অধ্যাপক মো. ইয়াসিন শরীফ, রেজিস্ট্রার আ ফ ম আখতারুজ্জামান কায়সার, প্রক্টর মোহাম্মদ ইফতেখার উদ্দিন। এ সময় উপস্থিত ছিলেন মাস্টার্স প্রোগ্রামের কো-অর্ডিনেটর আবু সালেহ নিজাম উদ্দীন এবং অন্যান্য শিক্ষকমণ্ডলী।অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ আজিজুল হক। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Dainik Purbodesh, Date 09 July 2024, Page; 3, Col: 1
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2024-07-09

কনফিডেন্সসিমেন্ট
A গ্রেড ক্লিংকার
01755550035-36

চট্টগ্রাম মঙ্গলবার ৯ জুলাই ২০২৪

দৈনিক পূর্বকোণ

মুজিববর্ষে দেশসেরা আঞ্চলিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৩৯তম বর্ষ ১৩৬তম সংখ্যা ।। ২৫ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ ।। ২ মহররম ১৪৪৬ হিজরি ।। Tuesday 9 July 2024 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

চট্টগ্রাম



# আইআইইউসি ইংরেজি বিভাগের মাস্টার্স প্রোগ্রামের ওরিয়েন্টেশন

[illegible]

Ref: Dainik Purbokone, Date 09 July 2024, Page; 3, Col: 6

চট্টগ্রাম • মঙ্গলবার • ৯ জুলাই ২০২৪ • ২৫ আষাঢ় ১৪৩১ • ২ মহরম ১৪৪৬ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২০ সংখ্যা ৩০৯

২০ বছরে সুপ্রভাত

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ গাছে গাছে দুলছে কাটিমন আম

৫ ল-ক্লার্ক আইন পাসের দাবি

৬ 'ক্ষুধার্ত' কানাডার হুঙ্কার আর্জেন্টিনাকে



**রেলকে সচল রাখতে উদ্যোগ নিন**

রেলওয়ের জন্য ৭০টি মিটারগেজ ইঞ্জিন (লোকোমোটিভ) কেনার যে প্রকল্প নেওয়া হয়েছিল শেষ পর্যন্ত সেটি আর আলোর মুখ দেখছে না।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২

## আইআইইউসি ইংরেজি বিভাগের ওরিয়েন্টেশন

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের এম এ (ইএল, ইএলটি এবং প্রিলিমিনারি) স্প্রিং -২০২৪ সেশনের এর ছাত্র-ছাত্রীদেরওরিয়েন্টেশন প্রোগ্রাম ৭ জুলাই চট্টগ্রাম শহরস্থ গোল্ডেন স্পুন রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়েছে।

ওরিয়েন্টেশন প্রোগ্রামে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামউদ্দিন নদভী। প্রধান অথিতি বলেন, ইংরেজি সাহিত্যে উচ্চতর ডিগ্রী অর্জন করে দেশ ও সমাজের উন্নয়নে মনোনিবেশ করতে হবে। আইআইইউসির সেরা বিভাগুলোর মধ্যে ইংরেজি বিভাগ অন্যতম। এই বিভাগের শিক্ষার্থীরা দেশে-বিদেশে বিশ্ববিদ্যালয়ের নাম উজ্জ্বল করছে। এই ধারাবাহিকতা বজায় রেখে আইআইইউসি বর্তমানে বাংলাদেশের অন্যতম একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়। ইংরেজি ভাষার পাশাপাশি মাতৃভাষায় চর্চার উপরও তিনি গুরুত্বারোপ করেন। ইংরেজীভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান মো. ছরওয়ার আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন প্রোগ্রামে বিশেষ অতিথি ছিলেন আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজ এর সদস্য ও পারচেজকমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোহাম্মদ সালেহ জহুর, ভারপ্রাপ্ত ট্রেজারার প্রফেসর ড. মো. মাহিউদ্দিন। সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক মো. ইয়াসিন শরীফ, রেজিস্ট্রার আ ফ ম আখতারুজ্জামান কায়সার, প্রক্টর মোহাম্মদ ইফতেখারউদ্দিন। এ সময় উপস্থিত ছিলেন মাস্টার্স প্রোগ্রামের কো-অর্ডিনেটর আবু সালেহ নিজামউদ্দীন এবং অন্যান্য শিক্ষকমণ্ডলী।অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ আজিজুল হক। বিজ্ঞপ্তি

## সিআইইউতে অনুষ্ঠিত হল 'অ্যাডভান্সড এক্সেল' বিষয়ক কর্মশালা

চিটাগং ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটির (সিআইইউর) তরুণ শিক্ষার্থীদের আগামি দিনের কর্মক্ষেত্রে আরো দক্ষ করে গড়ে তুলতে অনুষ্ঠিত হলো 'অ্যাডভান্সড এক্সেল' শীর্ষক দিনব্যাপি কর্মশালা। সম্প্রতি নগরের জামাল খান ক্যাম্পাসের মাল্টিমিডিয়া ল্যাবে সিআইইউ ইনট্রিনসিক ফাইন্যান্স ক্লাব বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য এই কর্মশালার আয়োজন করে। এতে অতিথি ছিলেন চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেডের সিস্টেম অ্যানালিস্ট আবদুল্লাহ বিন হুসেইন মেহেদী। এই সময় ভবিষ্যৎ ক্যারিয়ারে 'অ্যাডভান্সড এক্সেল'-এ পেশাগত দক্ষতা বাড়ানোর পরামর্শ দেন তিনি। পাশাপাশি প্রাথমিক এক্সেলের গুরুত্বের সঙ্গে রিলেটিভ রেফারেন্স, অ্যাবসলিউট রেফারেন্স, ডেটা এন্ট্রি, এক্সেল প্রোগ্রাম, ওয়ার্কশীট, ফর্মুলা, ফাংশন, চার্টসহ সংশ্লিষ্ট নানান বিষয়গুলো চমৎকারভাবে তুলে ধরেন। পরে কর্মশালা শেষে 'অ্যাডভান্সড এক্সেল' নিয়ে শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন সিস্টেম অ্যানালিস্ট মেহেদী। সিআইইউ ইনট্রিনসিক ফাইন্যান্স ক্লাবের সভাপতি রফিকুল আলম বলেন, 'অ্যাডভান্সড এক্সেল' নিয়ে তরুণদের মধ্যে অনেকের আগ্রহ রয়েছে। আবার অনেকে দুশ্চিন্তায় থাকেন জটিল হিসেবগুলো কিভাবে সমাধান করবেন। যেহেতু বিষয়টি ক্যারিয়ারের সঙ্গে সম্পৃক্ত তাই ভবিষ্যতের কথা ভেবেই আমরা এই কর্মশালার আয়োজন করেছি। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ক্লাবের সহ-সভাপতি জয়দেব দেবনাথ, সাধারণ সম্পাদক ওয়াফিক ফায়রাস আলম, যুগ্ম সুচিব প্রীতম পল অরূপ প্রমুখ। বিজ্ঞপ্তি




আইআইইউসি ইংরেজি বিভাগের ওরিয়েন্টেশনে বক্তব্য রাখছেন প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামউদ্দিন নদভী

Ref: Dainik Suprobhat, Date: 09 July 2024, Page: 4, Col: 2
https://esuprobhat.com/index.php?page=1&date=2024-07-09